# 10776 - ঈমান বৃদ্ধির কারণগুলো কী কী?

প্রশ্ন

ঈমান বৃদ্ধির কারণ কী?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

ঈমান বৃদ্ধির কারণগুলো:

প্রথম কারণ:

আল্লাহ্‌কে তার নাম ও গুণসমূহসহ জানা। নিঃসন্দেহে মানুষ আল্লাহ্‌কে যতবেশি জানবে, তাঁর নাম ও গুণগুলোকে যতবেশি জানবে; ততই তাঁর ঈমান বৃদ্ধি পাবে। এ কারণে আপনি দেখবেন যে সকল আলেম আল্লাহ্‌র নাম ও গুণাবলী জানার এই দিক থেকে তাদের ঈমান যারা তাঁর নাম ও গুণগুলো জানে না তাদের চেয়ে শক্তিশালী।

দ্বিতীয় কারণ:

আল্লাহ্‌র সৃষ্টিগত নিদর্শন ও শরয়ি নিদর্শনগুলো নিয়ে চিন্তাভাবনা করা। কেননা মানুষ যখনই আল্লাহ্‌র সৃষ্টিগত নিদর্শন নিয়ে চিন্তাভাবনা করবে তার ঈমান বেড়ে যাবে। আল্লাহ্ তাআলা বলেন: ‘আর নিশ্চিতি বিশ্বাসীদের জন্য জমিনে অনেক নিদর্শন রয়েছে। এবং তোমাদের নিজেদের মধ্যেও। তবুও তোমরা কি (ভেবে) দেখবে না?’[সূরা যারিয়াত, আয়াত: ২০-২১]

এ সংক্রান্ত আয়াত অনেক। অর্থাৎ মানুষ এই মহাবিশ্ব নিয়ে চিন্তাভাবনা করার মাধ্যম যে তার ঈমান বাড়ে সেটি প্রমাণকারী আয়াত।

তৃতীয় কারণ:

অধিক ইবাদত। কারণ ব্যক্তির নেকে আমল যত বাড়বে তার ঈমান ততবেশি বাড়বে; সেই ইবাদত বাহ্যিক হোক কিংবা কর্মগত হোক। যিকির ঈমানকে পরিমাণগত ও গুণগত দিক থেকে বৃদ্ধি করে। অনুরুপভাবে নামায, রোযা ও হজ্জ পরিমাণগত ও গুণগত দিক থেকে ঈমানকে বৃদ্ধি করে।